AY 19 2002

দৈনিক সংবাদ

তারিখ ... ৬ ... ৪ ...

# পরীক্ষায় বহিষ্কৃত এক ছাত্র শিক্ষকের মাথা হাতুড়ি দিয়ে ফাটিয়ে দিয়েছে

**ঠাকুরগাঁও থেকে জেলা বার্তা পরিবেশক :** ঠাকুরগাঁওয়ের সালান্দর ডিগ্রি পরীক্ষা কেন্দ্রে নকল করতে গিয়ে বহিষ্কৃত এক ক্ষুব্ধ ছাত্র কক্ষ পরিদর্শক আবদুস সামাদের মাথা হাতুড়ি দিয়ে ফাটিয়ে দিয়েছে। জানা যায়, বৃহস্পতিবার ইংরেজি প্রথমপত্র পরীক্ষায় সালান্দর ডিগ্রি কলেজ পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা শেষ হওয়ার কয়েক মিনিট আগে নকলসহ দীপেন চন্দ্র সরকারকে রোল নং-১৫৪২৪৫ কর্তব্যরত শিক্ষক গড়েয়া ডিগ্রি কলেজের প্রভাষক আবদুস সামাদ বহিষ্কার করে। এতে ক্ষুব্ধ পরীক্ষার্থী দীপেন চন্দ্র সরকার পরীক্ষাশেষে ওই প্রভাষকের পিছু নেয়। তিনি বাস থেকে নেমে রিকশাযোগে শহরের হাজীপাড়ার বাসায় ফেরার পথে বি, এম মসজিদের সামনে বহিষ্কৃত ছাত্র হাতুড়ি নিয়ে শিক্ষকের ওপর চড়াও হয়ে মাথায় আঘাত করে। এতে মাথা ফেটে প্রচণ্ড রক্তপাত হয়। স্থানীয় লোকজন আহত শিক্ষককে হাসপাতালে ভর্তি করে। তার অবস্থা আশঙ্কাজনক। কচুবাড়ি শাখলা পিয়ালা গ্রামের জ্যোতিষচন্দ্র সরকারের ছেলে দীপেন চন্দ্র সরকারের বিরুদ্ধে স্থানীয় থানায় এ ব্যাপারে একটি মামলা হয়েছে। কৃষি প্রতিমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, জেলা প্রশাসক আহত শিক্ষককে হাসপাতালে দেখতে যান এবং তার সুচিকিৎসার ব্যবস্থা করেন। জেলা কলেজ শিক্ষক সমিতি শিক্ষক আবদুস সামাদের ওপর বর্বরোচিত হামলা ও আঘাতের তীব্র নিন্দা করেছে এবং দোষী ব্যক্তিকে গ্রেফতারের দাবি জানিয়েছে।